বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৪০৭

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮৯০ তম কমিশন সভা অদ্য ০৫/১২/২০২৩ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:-

০১। কমিশন অদ্যকার সভায়, Shahjalal Islami Bank PLC এর ৫০০ (পাঁচ শত) কোটি টাকা মূল্যের Mudaraba Floating Rate, Non-Convertible, Unsecured Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার Range of Coupon Rate ৬.০০% থেকে ০৯.০০%। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Shahjalal Islami Bank PLC এর Tier-II Capital Base শক্তিশালী করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে DBH Finance PLC এবং Arranger হিসাবে কাজ করেছে Standard Chartered Bank । এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

০২। কমিশন অদ্যকার সভায়, SME Sector এ দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে Web Coats PLC (ওয়েব কোটস পিএলসি) এর ৫.০০ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য Bangladesh Securities and Exchange Commission (Qualified Offer by Small Capital Companies) Rules, 2022 অনুযায়ী ৫,০০০,০০০টি সাধারণ শেয়ার প্রতিটি ১০/- টাকা মূল্যে QIO এর মাধ্যমে Eligible Investors এর নিকট ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই QIO-এর মাধ্যমে কোম্পনিটি যন্ত্রপাতি ক্রয়, কার্যকরী মূলধন, ঋণ পরিশোধ এবং ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ১লা জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত সময়কালের আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় ১.৫০ টাকা এবং শেয়ার প্রতি নীট সম্পদ পুনঃমূল্যায়নসহ (NAV Per Share with revaluation) ১৫.৯২ টাকা, শেয়ার প্রতি নীট সম্পদ পুনঃমূল্যায়ন বাদে (NAV Per Share without revaluation) ১৩.০০ টাকা । (দাখিলকৃত প্রসপেক্টাস অনুযায়ী ১লা জুলাই ২০২২ হতে ৩১ মার্চ ২০২৩ পর্যন্ত সময়কালের (নয় মাস) আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় ০.৯০ টাকা এবং শেয়ার প্রতি নীট সম্পদ পুনঃমূল্যায়নসহ (NAV Per Share with revaluation) ১৫.৯২ টাকা, শেয়ার প্রতি নীট সম্পদ পুনঃমূল্যায়ন বাদে (NAV Per Share without revaluation) ১২.৩৯ টাকা ।) SME Platform এ লেনদেনের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর ইস্যুয়ার কোম্পানি কোন বোনাস শেয়ার ইস্যু করতে পারবে না। কোম্পানীর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Sonali Investment Limited।

05-12-2023
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র